**একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
নেজারত শাখা
www.sylhet.gov.bd

স্মারক নম্বর ০৫.৪৬.৯১০০.০০৭.১১.০০২.১৫ (অংশঃ২).৫২৫

তারিখ: ২০ আশ্বিন ১৪৩২ / ০৫ অক্টোবর ২০২৫

# নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখা এর ১০ আগস্ট ২০২৫ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০০২০.১৬-৯২ নম্বর স্মারক ও ১২ আগস্ট ২০২৫ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০০২০.১৬-৯৩ নম্বর স্মারক এবং ০২ সেপ্টেম্বর ২০২৫ তারিখের ০৫.০০.০০০০.০০০.১৬৬.১১.০০২০.১৬.১০৫ নম্বর স্মারক মূলে প্রাপ্ত ছাড়পত্র মোতাবেক জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট এবং এর অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহে এবং সিলেট সার্কিট হাউজে নিম্নবর্ণিত শূন্যপদে অস্থায়ী ভিত্তিতে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সিলেট জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে অনলাইনে (http://dcsylhet.teletalk.com.bd) আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত অন্য কোন মাধ্যমে আবেদন গ্রহণ করা হবে না।

**জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট এবং এর অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের জন্য :**

| ক্রমিক নম্বর | পদের নাম | গ্রেড ও বেতনস্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | অফিস সহায়ক | গ্রেড-২০ ৮২৫০-২০০১০/- | ২৪ (চব্বিশ) টি | কোনো স্বীকৃত শিক্ষাবোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |
| ২ | নিরাপত্তা প্রহরী | গ্রেড-২০ ৮২৫০-২০০১০/- | ২৫ (পঁচিশ) টি | কোনো স্বীকৃত শিক্ষাবোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |
| ৩ | পরিচ্ছন্নতা কর্মী | গ্রেড-২০ ৮২৫০-২০০১০/- | ১১ (এগার) টি | কোনো স্বীকৃত শিক্ষাবোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |
| **সিলেট সার্কিট হাউজের জন্য :** | | | | |
| ৪ | নিরাপত্তা প্রহরী | গ্রেড-২০ ৮২৫০-২০০১০/- | ০৩ (তিন) টি | কোনো স্বীকৃত শিক্ষাবোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |
| ৫ | বেয়ারার | গ্রেড-২০ ৮২৫০-২০০১০/- | ০২ (দুই) টি | কোনো স্বীকৃত শিক্ষাবোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |
| ৬ | বাবুর্চি | গ্রেড-২০ ৮২৫০-২০০১০/- | ০১ (এক) টি | (ক) কোনো স্বীকৃত শিক্ষাবোর্ড হতে হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) রান্নার কাজে অন্যূন্য ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |
| ৭ | সহকারী বাবুর্চি | গ্রেড-২০ ৮২৫০-২০০১০/- | ০১ (এক) টি | (ক) কোনো স্বীকৃত শিক্ষাবোর্ড হতে হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) রান্নার কাজে অন্যূন্য ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |

**আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে :**

১। আবেদনকারীর বয়সসীমা ১২ অক্টোবর ২০২৫ তারিখে ন্যুনতম ১৮ বছর এবং সর্বোচ্চ ৩২ বছরের হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৩। প্রার্থীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও সিলেট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

৪। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ পূরণে জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ অনুসরণ করা হবে।

৫। সরকারি, আধা সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল সাপেক্ষে আবেদন করতে হবে।

৬। সকল পদের নিয়োগ পরীক্ষা একই তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে বিধায় একজন আবেদনকারীর কেবলমাত্র একটি পদের জন্য আবেদন করার সুযোগ থাকবে।

৭। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

৮। সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। কেবলমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

**৯। সার্কিট হাউজের নিরাপত্তা প্রহরী পদে আবেদনের ক্ষেত্রে পদের সাথে ব্রাকেটে সার্কিট হাউজ শব্দটি অবশ্যই উল্লেখ করতে হবে; তা না হলে উক্ত প্রার্থীদের জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট ও এর অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় সমূহের প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে;**

১০। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/অনাপত্তিপত্র/কাগজপত্রাদির মূল কপি প্রদর্শনপূর্বক প্রতিটির ১ সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দাখিল/উপস্থাপনযোগ্য কাগজপত্রের তালিকা:

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র।

(খ) সিলেট জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ।

(গ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ।

(ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ঙ) চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্র।

(চ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা, শহীদ বীর মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গানার সন্তান) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র;

(ছ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার ও বীরাঙ্গনার সন্তান হলে আবেদনের সাথে সম্পর্ক উল্লেখপূর্বক সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র/সনদ; (জ) অন্যান্য কোটার প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র/সনদপত্র।

(ঝ) পরিচ্ছন্নতা কর্মী পদে আবেদনকারীদের প্রযোজ্য ক্ষেত্রে সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

১১। নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে চূড়ান্ত নিয়োগ প্রদানের পূর্বে প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন সম্পাদন করা হবে।

১২। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।

১৩। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি ও বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**১৪। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও করণীয়:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://dcsylhet.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় আগামী ১২ অক্টোবর ২০২৫ তারিখ সকাল ১০.০০ ঘটিকা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় আগামী ১১ নভেম্বর ২০২৫ তারিখ বিকাল ০৫.০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit-এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে Teletalk mobile এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে upload করতে হবে। ছবির সাইজ, সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

(গ) online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু online-এ আবেদপত্র submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সর্ম্পকে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী online-এ পূরণকৃত আবেদনপত্রের Applicant's কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদপত্র submit সম্পন্ন হলে স্ক্রিনে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন প্রার্থী একটি user ID এবং ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬/- (ছয়) টাকাসহ (অফেরৎযোগ্য) মোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার

মধ্যে জমা দিতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষা ফি জমা না দেয়া পর্যন্ত online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS: DCSYLHET<space>User ID লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example: DCSYLHET ABCDEF
Reply: Applicant's Name, TK. 112.00 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DCSYL Yes PIN and send to 16222.

দ্বিতীয় SMS: DCSYLHET<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: DCSYLHET Yes 12345678
Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for DCSYLHET. Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dcsylhet.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে:

DCSYLHET<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: DCSYLHET Help User ABCDEF

(ii) PIN Number জানা থাকলে:

DCSYLHET<space>Help<space>PIN<space>PIN Number & Send to 16222.
Example: DCSYLHET Help PIN 12345678

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট এর ওয়েবসাইট www.sylhet.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd/dcsylhet ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.sylhet.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@tetetalk.com.bd বা info@dcsylhet.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: DCSYLHET, Post Name: ***, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৫। online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**বিশেষ দ্রষ্টব্য : শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পুরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ প্রদান করা হলো।**

মোঃ সারওয়ার আলম
জেলা প্রশাসক
সিলেট
ফোন: ০২৯৯৬৬৩২১৯০
ইমেইল: dcsylhet@mopa.gov.bd

স্মারক নম্বর ০৫.৪৬.৯১০০.০০৭.১১.০০২.১৫ (অংশঃ২).৫২৫

তারিখ: ২০ আশ্বিন ১৪৩২ / ০৫ অক্টোবর ২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
২) বিভাগীয় কমিশনার, সিলেট
৩) জেলা প্রশাসক (সকল)
৪) পুলিশ সুপার, সিলেট
৫) উপপরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৬) সিভিল সার্জন, সিলেট
৭) বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, সিলেট
৮) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা)/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট
৯) উপপরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো
১০) আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট। বিজ্ঞপ্তিটি বেতারের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো
১১) উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট
১২) সহকারী কমিশনার (ভূমি), (সকল), সিলেট
১৩) ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, গুলশান-১, ঢাকা। তাকে উল্লিখিত বিজ্ঞপ্তি অনুযায়ী অনলাইনে আবেদন গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো
১৪) পোস্টমাস্টার, প্রধান ডাকঘর, সিলেট
১৫) সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, সিলেট। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো
১৬) সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট। তাকে বিজ্ঞপ্তিটি জেলার ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো
১৭) সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক নয়াদিগন্ত, ঢাকা/ দৈনিক জালালাবাদ, সিলেট । তাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের লক্ষ্যে তার পত্রিকার ভিতরের পাতায় উপযুক্ত পরিসরে আগামী ০৮ অক্টোবর ২০২৫ তারিখের মধ্যে এক দিনের জন্য প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক প্রকাশিত পত্রিকার ০৫ (পাঁচ) কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৮) অফিস কপি

মোঃ সারওয়ার আলম
জেলা প্রশাসক